# জেলা পরিষদ কার্যালয়

মানিকগঞ্জ

www.zpmanikganj.org.bd

শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি

স্মারক নং জেপ-মানিক/৪২৭/২০২২/৫৪৯ তারিখ: ২১/০৮/২০২২ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ৩০ জুন ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.১৯.১৩১৬ নং ছাড়পত্র মোতাবেক অস্থায়ী ভিত্তিতে মানিকগঞ্জ জেলা পরিষদে নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য শর্তসাপেক্ষ বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | বার্তাবাহক | ৮৫০০-২০৫৭০/- গ্রেড-১৯ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | ১ (এক) | ১৮-৩০ বছর | ১) অষ্টম শ্রেণী পাশ। (বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মটর সাইকেল চালানোর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে) |

শর্তাবলি :

০১। প্রার্থীর বয়স ২১/০৮/২০২২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে প্রাধিকার প্রাপ্তদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এভিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০২। আবেদনপত্রসমূহ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ বরাবরে আগামী ২২/০৯/২০২২ খ্রি: তারিখ অফিস চালাকালীন সময়ে জেলা পরিষদ, মানিকগঞ্জ কার্যালয়ে অবশ্যই সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ নম্বর স্মারকে জারীকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরমের অনুকরণে জেলা পরিষদ মানিকগঞ্জের জন্য প্রস্তুতকৃত ফরমে আগ্রহী প্রার্থীদেরকে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। আবেদন ফরম zp.manikganj.gov.bd ওয়েব সাইটে এবং জেলা পরিষদ কার্যালয়ে পাওয়া যাবে;

০৪। আবেদনপত্রে ক) প্রার্থীর নাম, খ) পিতার নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ, ছ) শিক্ষাগতযোগ্যতা জ) অভিজ্ঞতা (যদি থাকে), ঝ) জাতীয়তা, ঞ) ধর্ম, ট) প্রার্থীর ক্যাটাগরি (সাধারণ/ মুক্তিযোদ্ধা পোষ্য/মহিলা/এতিমখানার নিবাসী/প্রতিবন্ধী/তফসিল সম্প্রদায়ভুক্ত/আনসার ও ভিডিপি) ঠ) অন্যান্য যোগ্যতা (যদি থাকে) ড) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ইত্যাদি উল্লেখসহ নির্ধারিত ফরমে স্বহস্তে স্পষ্ট অক্ষরে লিখিত এবং স্বাক্ষরযুক্ত করতে হবে;

০৫। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক নাগরিক সনদপত্রের ফটোকপি সত্যায়িত ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ ও শিক্ষাগতযোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে);

০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ এর অনুকূলে তফসিলি ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে;

০৭। প্রার্থীদের দরখাস্তের খামের উপর প্রার্থিত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে;

০৮। আবেদনপত্রের সাথে ৪"x১০" ইঞ্চি সাইজের নিজ ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাক টিকিটসহ ফেরত খাম আবেদনের সাথে যুক্ত করে দিতে হবে;

০৯। প্রার্থী মুক্তিযোদ্ধা পোষ্য হলে সেক্ষেত্রে তাকে তার পিতা/মাতা/দাদার মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযুদ্ধ বিষয় মন্ত্রণালয়ের সচিব ও দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র) দাখিল করতে হবে;

১০। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপপরিচালক, সমাজসেবা কার্যালয়, মানিকগঞ্জ এর নিকট থেকে তালিকাভুক্তির সনদপত্রের সত্যায়িত কপি;

১১। এতিমখানা নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত কপি";

১২। আনসার ও ভিডিপির ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি;

১৩। তফসিলভুক্ত সম্প্রদায়ের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র দাখিল করতে হবে;

১৪। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;

১৫। এ নিয়োগে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলি অনুসরণ করা হবে।

১৬। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;

১৭। আবেদনপত্র গ্রহণ/বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

১৮। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না;

১৯। প্রার্থীদের নির্বাচনী/মৌখিক পরীক্ষা গ্রহণের সময় দাখিলকৃত মূল সনদপত্র অবশ্যই দেখাতে হবে;

২০। দরখাস্তে বর্ণিত তথ্য যে কোন পর্যায়ে মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২১। এ নিয়োগ প্রক্রিয়ায় চাকুরীর শর্তাবলি বেতন ভাতা/সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী বিধিমালা, ১৯৯০ এবং সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনাবলি প্রযোজ্য হবে;

২২। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে;

২৩। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(দুর-রে-শাহওয়াজ)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মানিকগঞ্জ
ফোন- ০২৯৯৬৬১০৪৬৩

জি-১৭৫৮/২২ (১৫X৩)